# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩০

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৮. নির্ভরযোগ্য বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা প্রসঙ্গে

بَابٌ فِي الْحَدِيثِ عَنِ الثِّقَاتِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ عَاصِمٍ، عَنِ ابْنِ سِيرِينَ، قَالَ: «كَانُوا لَا يَسْأَلُونَ عَنِ الْإِسْنَادِ، ثُمَّ سَأَلُوا بَعْدُ لِيَعْرِفُوا مَنْ كَانَ صَاحِبَ سُنَّةٍ أَخَذُوا عَنْهُ، وَمَنْ لَمْ يَكُنْ صَاحِبَ سُنَّةٍ، لَمْ يَأْخُذُوا عَنْهُ» قَالَ أَبُو مُحَمَّدٍ: مَا أَظُنُّهُ سَمِعَهُ مِنْ عَاصِمٍ

إسناده ضعيف من أجل محمد بن حميد. وفيه شبهة انقطاع بين جرير وبين عاصم

বাংলা

৪৩০. ইবনু সীরীন বলেন: তারা (হাদীসের) সনদ সম্পর্কে প্রশ্ন করতেন না। তারপর থেকে তারা (বর্ণনাকারীর) পরিচয় লাভের উদ্দেশ্যে প্রশ্ন করা শুরু করলেন। যদি বর্ণনাকারী আহলুস সুন্নাহ’র অন্তর্ভুক্ত হতো, তবে তার থেকে তারা হাদীস গ্রহণ করতেন। আর যে আহলুস সুন্নাহর অন্তর্ভুক্ত না হতো, তার থেকে তারা হাদীস গ্রহণ করতেন না।

আবু মুহাম্মদ (দারেমী) বলেন: আমার ধারণা তিনি ( পরবর্তী বর্ণনাকারী জারীর) আসিম থেকে হাদীস শ্রবণ করেননি।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ, কারণ, মুহাম্মদ্ ইবনু হুমাইদ যয়ীফ। আর জারীর ও আসেমের মাঝে ‘ইনকিতা’ বা বিচ্ছিন্নতা’র সম্ভাবনা রয়েছে। (তবে তাখরীজে মুহাক্বিক্বের আলোচনা থেকে বুঝা যায়, খতীব ও আবূ নুয়াইমের সনদটি হাসান পর্যায়ের। আল্লাহু আ’লামু।- অনুবাদক)
তাখরীজ: খতীব, কিফায়াহ পৃ: ১২২ দুটি সনদে; আবু নুয়াইম, হিলইয়া ২/২৭৮ যার রাবীগণ নির্ভরযোগ্য।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69741

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন